

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

সিটিজেন চার্টার (Citizen Charter)

১. ভিশন ও মিশন

১.১) ভিশন (Vision): পৃথিবীর সকল মাতৃভাষার সুরক্ষা

১.২) মিশন (Mission): বাংলা ভাষাসহ সকল মাতৃভাষার সংরক্ষণ, বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষার নথিবদ্ধকরণ (Documentation) ও এ সংক্রান্ত গবেষণা, লেখ্যরূপ নেই এমন ভাষার লেখ্যরূপ প্রবর্তন, অভিধান প্রণয়ন, ভাষা বিষয়ে অন্যান্য গবেষণা ও প্রশিক্ষণের সমন্বয়ে বিভিন্ন জনগোষ্ঠীর স্বকীয় সংস্কৃতির বিকাশ

২. প্রতিশ্রুত সেবাসমূহ

২.১ নাগরিক সেবা

ক্রম	সেবার নাম	সেবা প্রদানের সর্বোচ্চ সময়	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি ও ফোন নম্বর
১.	গবেষণা	ভাষা বিষয়ক এমফিল, পিএইচডি, পোস্ট-ডক্টোরাল, ফেলোশিপ ও পেশাগত গবেষণাকর্মের বৃত্তি প্রদান কার্যক্রম বিদ্যমান রয়েছে। এক্ষেত্রে নির্ধারিত সময়ে জাতীয় দৈনিক পত্রিকাসমূহে/আমাই ওয়েবসাইটে প্রদত্ত বিজ্ঞপ্তির আলোকে আবেদন করতে হয়।	উপপরিচালক (গবেষণা, কর্মশালা ও ভাষা জাদুঘর) রুম নং: ৪১০ ফোন: ৮৩৯১২৪০
২.	প্রকাশনা ও অনুবাদ	বিভিন্ন জার্নাল, পুস্তক ও অভিধান প্রকাশিত হয়। বিদেশি বিখ্যাত বইয়ের অনুবাদ করা হয়। মজুদ থাকা সাপেক্ষে বিক্রয়কেন্দ্র থেকে তাৎক্ষণিক ক্রয় করা যায়।	সহকারী পরিচালক (প্রকাশনা, অনুবাদ ও ইউনেস্কো) রুম: ৪১৩
৩.	সেমিনার	ভাষা বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার এবং কনফারেন্স অনুষ্ঠিত হয়।	সহকারী পরিচালক (সেমিনার, লাইব্রেরী ও আর্কাইভ) রুম: ৫০৩ ফোন: ৮৩৯১৮৬৫
৪.	প্রশিক্ষণ	ভাষা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।	সহকারী পরিচালক (অর্থ ও প্রশিক্ষণ) রুম: ৩০৬ ফোন: ৫৫১৩০১১৪
৫.	ভাষা জাদুঘর	সকল কর্মদিবসে সকাল ৯:৩০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত ভাষা জাদুঘর পরিদর্শন করা যায়।	সহকারী পরিচালক (গবেষণা, কর্মশালা ও ভাষা জাদুঘর) রুম: ৪১২ ফোন: ৮৩৯১২৪০

৬.	লিখনরীতি ও আর্কাইভ	সকল কর্মদিবসে সকাল ৯:৩০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত লিখনরীতি ও আর্কাইভ খোলা থাকে।	সহকারী পরিচালক (সেমিনার, লাইব্রেরী ও আর্কাইভ) রুম: ৫০৩ ফোন: ৮৩৯১৮৬৫
৭.	কর্মশালা	ভাষা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।	সহকারী পরিচালক (গবেষণা, কর্মশালা ও ভাষা জাদুঘর) রুম: ৪১২ ফোন: ৮৩৯১২৪০
৮.	ইনস্টিটিউট গ্রন্থাগার	সকল কর্মদিবসে সকাল ৯:৩০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত গ্রন্থাগার খোলা থাকে।	উপপরিচালক (সেমিনার, লাইব্রেরী ও আর্কাইভ) রুম: ৫০১ (ডি) ফোন: ৮৩৯১৮৬৫
৯.	প্রচার	ভাষা ও বিভিন্ন বিষয়ে সম্পাদিত কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়ার জন্য দাপ্তরিক ওয়েবসাইট রয়েছে।	সহকারী পরিচালক (প্রশাসন, প্রচার, তথ্য ও জনসংযোগ) রুম: ৭০৬ ফোন: ৮৩৯১৫৯৫
২.২ প্রাতিষ্ঠানিক			
১.	সম্মেলন কক্ষ ও মিলনায়তন	কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে আবেদনের ভিত্তিতে এবং খালি থাকা সাপেক্ষে সম্মেলন কক্ষ ও মিলনায়তন ব্যবহারের অনুমতি দেয়া হয়।	সহকারী পরিচালক (মিলনায়তন, সম্মেলন কেন্দ্র, অতিথিশালা ও বিক্রয়কেন্দ্র) রুম: ৫০১ (এ)
২.	অতিথিশালা (Guest House)	ঢাকার বাইরে থেকে আগত কোন সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং দেশি-বিদেশি লেখক, গবেষক ও অনুরূপ ব্যক্তিগণ অতিথিশালায় (গেস্ট হাউস) অবস্থান করতে পারবেন।	সহকারী পরিচালক (মিলনায়তন, সম্মেলন কেন্দ্র, অতিথিশালা ও বিক্রয়কেন্দ্র) রুম: ৫০১ (এ)
৩.	বিক্রয়কেন্দ্র	সকল কর্মদিবসে সকাল ৯:৩০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত বিক্রয়কেন্দ্র খোলা থাকে। মজুদ থাকা সাপেক্ষে বিক্রয়কেন্দ্র থেকে বই ও স্যুভেনির তাৎক্ষণিক ক্রয় করা যায়।	সহকারী পরিচালক (মিলনায়তন, সম্মেলন কেন্দ্র, অতিথিশালা ও বিক্রয়কেন্দ্র) রুম: ৫০১ (এ)
৩ অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)			
১.	তথ্য প্রদান	ইনস্টিটিউট সংশ্লিষ্ট তথ্যসেবা দেওয়া হয়।	উপপরিচালক (প্রশাসন, ইউনেস্কো, প্রচার, তথ্য ও জনসংযোগ) রুম: ৩০৩ ফোন: ৮৩৯১৫৯৫

২.	তথ্য প্রদান/যে কোনো বিষয়ে অভিযোগ	ইনস্টিটিউট সংশ্লিষ্ট তথ্য বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা যায়।	অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) রুম: ৩০৫ ফোন: ৮৩৯১০৫২
৩.	ভাষা সংক্রান্ত তথ্য প্রকাশ/যে কোনো অভিযোগ	ভাষা সংক্রান্ত তথ্য বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা যায়।	অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) রুম: ৪১১ ফোন: ৫৫১৩০১১৩